দৈনিক ইত্তেফাক

তারিখ ... 26 DEC 1988
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫ ...

# পরীক্ষায় অসদুপায় রোধে জেলা প্রশাসনকে ব্যবস্থা গ্রহণ করিতে হইবে

—শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বিভিন্ন পরীক্ষা অনুষ্ঠানের ক্ষেত্রে অসদুপায় অবলম্বন বন্ধের জন্য সরকারের দৃঢ় অভিপ্রায় পুনর্ব্যক্ত করিয়া বলিয়াছেন, জেলা প্রশা-

(৯ম পৃঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী

( ৩য় পৃঃ পর )

সনকে সুষ্ঠু পরীক্ষা গ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করিতে হইবে এবং এ লক্ষ্যে তাহারা শিক্ষা মন্ত্রণালয় হইতে সর্বাত্মক সহযোগিতা পাইবে। মন্ত্রী গত রবিবার মন্ত্রীপরিষদ কক্ষে অনুষ্ঠিত জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারদের সম্মেলনে সভাপতির ভাষণে বলেন, আগামী মাসে প্রাথমিক শিক্ষকের শূন্য পদ পূরণের জন্য প্রতি জেলা সদরে যে পরীক্ষা অনুষ্ঠিত হইবে সেই পরীক্ষা এমনভাবে গ্রহণ করিতে হইবে যাহাতে আবেদনকারীদের প্রকৃত মেধা যাচাই করা সম্ভব হয়। তিনি প্রতিটি জেলায় পথকলি বিদ্যালয় স্থাপনের লক্ষ্যে অবিলম্বে উদ্যোগ গ্রহণের জন্য জেলা প্রশাসকদের প্রতি অনুরোধ জানান। মন্ত্রী পরিষদ বিভাগের সচিব এম মুজিবুল হক, শিক্ষা সচিব হেদায়েত আহমেদ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সচিব আ,ন,ম, ইউসুফ এ সময় উপস্থিত ছিলেন। —তথ্য বিবরণী।